

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
ঢাকা-১২০৭।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.০৪.০৪৪.১৮- ১১

তারিখ-০৭/০১/২০১৯ খ্রিঃ।

**বিষয়ঃ** কারণ দর্শানোর নোটিশ।

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আপনি জনাব সখী চরণ ঢাওই, ল্যাভ সহকারি, বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট (সংযুক্তিতে গ্রাফিক আর্টস ইনস্টিটিউট) যোগদানের তারিখ হতে জাতীয় বেতনস্কেল ১৩নং গ্রেডের পরিবর্তে ১১নং গ্রেডে বেতন প্রদানের জন্য নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যম ব্যতীত সরাসরি সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০ বরাবর আবেদন করেছেন। যার প্রেক্ষিতে অধ্যক্ষ, বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট স্মারক নং-পিএফ-২১০/১৫/২৮৮৫, তারিখ-১০/১২/২০১৮ মোতাবেক আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করেন। আপনি কারণ দর্শানোর নোটিশের যে জবাব দাখিল করেছেন তা সন্তোষজনক নয়।

যেহেতু, আপনার জবাব সন্তোষজনক নয়;

যেহেতু, আপনার উক্ত আচরণ চাকুরী বিধি পরিপন্থী; এবং

যেহেতু, আপনার উক্ত আচরণ “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮” এর ৩।(খ) ধারা মতে “অসদাচরণ” এর সামিল।

সেহেতু, কেন আপনার বিরুদ্ধে “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮” অনুযায়ী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ দেয়া হলো। লিখিত বক্তব্যের অতিরিক্ত হিসেবে ব্যক্তিগত শুনানী চান কিনা তাও নিম্নস্বাক্ষরকারী বরাবর জানানোর জন্য নির্দেশ দেয়া হলো।

স্বাক্ষরিত/-  
(মনজুরুল কাদের)  
যগ্ন সচিব  
ও  
পরিচালক (প্রশাসন)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
ফোন-০২-৯১১০৬৮৯


প্রাপকঃ জনাব সখী চরণ ঢাওই  
ল্যাভ সহকারি  
বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট (সংযুক্তিতে গ্রাফিক আর্টস ইনস্টিটিউট  
মোহাম্মদপুর, ঢাকা)।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০৪৪.১৮- ১১(৪)

তারিখ-০৭/০১/২০১৯ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলঃ-

- ১। অধ্যক্ষ, বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট, বরিশাল।
- ২। অধ্যক্ষ, গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, মোহাম্মদপুর, ঢাকা।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। (পত্রটি ওয়েব সাইটে দেওয়ার জন্য অনুরোধ জানানো হল।)
- ৪। সংশ্লিষ্ট নথি।

  
(নাজমুন নাহার)  
সহকারী পরিচালক-৩  
ফোন-০২-৮১৮১২২৫